



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশা প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা- ১২১৭।
ফোনঃ ৮৩৩৩২৪৫, ৮৩৩৩১৯৬।



স্মারক নং- ৫৩.০৪.০০০০.০১০.৬০.০০১.২১-৫৬৩

তারিখ:

০৫ ফাল্গুন, ১৪২৭
১৮ ফেব্রুয়ারি, ২০২১

ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার সনদের আবেদন বিষয়ক বিজ্ঞপ্তি

দেশের ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা ও অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় সুশাসন প্রতিষ্ঠার প্রয়োজনে সরকার মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর আওতায় মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) প্রতিষ্ঠা করেন। উক্ত আইনের ১৫(১) ধারা অনুযায়ী অথরিটির সনদ ব্যতীত কোনো বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক দেশে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করার সুযোগ নেই। দারিদ্র্য বিমোচন, কর্ম-সংস্থান সৃষ্টি ও ক্ষুদ্র-উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদান অব্যাহত রাখার নিমিত্ত উপযুক্ত প্রতিষ্ঠানকে নতুনভাবে সনদায়নের লক্ষ্যে দেশের সকল জেলা হতে নিম্নোক্ত বিষয় ও শর্তে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার সনদের আবেদন আহ্বান করা যাচ্ছেঃ-

১। আবেদনকারী প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে নিম্নে উল্লিখিত যে কোন একটি আইনের অধীনে নিবন্ধিত হতে হবেঃ-

(ক) The Societies Registration Act, 1860 (Act XXI of 1860);

(খ) The Trust Act, 1882 (Act II of 1882);

(গ) The Voluntary Social Welfare Agencies (Registration and Control) Ordinance, 1961 (Ord. No. XLVI of 1961); বা

(ঘ) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন)।

২। আগ্রহী প্রতিষ্ঠানকে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। অথরিটির ওয়েবসাইট www.mra.gov.bd এর Home Page এ Apply for New License শিরোনামে প্রদত্ত লিংকে প্রবেশ করে আবেদন করা যাবে। আবেদন ফরম পূরণের সহায়ক নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরমের নির্ধারিত ছক/ঘরসমূহ যথাযথভাবে পূরণ করতে হবে এবং আবশ্যিক সংযোজনীসমূহ pdf ফাইল আকারে সংযুক্ত করতে হবে।

৩। দেশের যেকোন তফসিলি ব্যাংক হতে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি এর ব্যাংক হিসাবে (সোনালী ব্যাংক লিমিটেড, মগবাজার শাখা, হিসাব নম্বর- ০১১৯৮০৩০০০০২৯) ১,০০০/- টাকা (এক হাজার টাকা মাত্র) জমা প্রদানপূর্বক জমা রশিদ/প্রমাণক আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক রশিদে আবেদনকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ থাকতে হবে।

৪। আবেদনপত্রে প্রারম্ভিক ঋণযোগ্য তহবিল হিসেবে ন্যূনতম ৩০ (ত্রিশ) লক্ষ টাকা প্রদর্শন করতে হবে যা পরবর্তীতে অথরিটির নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে সংরক্ষণ ও অথরিটির অনুমতি সাপেক্ষে ক্ষুদ্রঋণ কার্যক্রমে ব্যবহার করতে হবে। উল্লেখ্য, কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ঋণ/অনুদান প্রতিষ্ঠানের ঋণযোগ্য তহবিলের অংশ হিসেবে প্রদর্শন করা হলে উক্ত ঋণ/অনুদান সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের আয়কর বিবরণী সমর্থিত হতে হবে।

৫। দাখিলকৃত আবেদন অথরিটির নিকট সন্তোষজনক মর্মে বিবেচিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অথরিটির আইন-বিধি অনুসরণসহ শর্ত সাপেক্ষে ৩(তিন) বছরের জন্য সাময়িকভাবে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার অনুমতি দেয়া হবে। সাময়িক অনুমোদন প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক ক্ষুদ্রঋণ কার্যক্রম শুরু করার পর নিম্নবর্ণিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবেঃ

সময়সীমা	লক্ষ্যমাত্রা
১ম বছর শেষে	ন্যূনতম ঋণগ্রহীতার সংখ্যা ৩০০ এবং ঋণস্থিতি ৪০ লক্ষ টাকা
২য় বছর শেষে	ন্যূনতম ঋণগ্রহীতার সংখ্যা ৬০০ এবং ঋণস্থিতি ৭০ লক্ষ টাকা
৩য় বছর শেষে	ন্যূনতম ঋণগ্রহীতার সংখ্যা ১০০০ এবং ঋণস্থিতি ১ কোটি টাকা

৬। উপরোল্লিখিত শর্তাবলী পরিপালন ও সক্ষমতা অর্জনসহ অথরিটির আইন, বিধিমালা ও নির্দেশনা অনুযায়ী সন্তোষজনক কার্যক্রম পরিচালনা করতে সমর্থ হলে অথরিটি কর্তৃক ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার সনদ দেয়া হবে। উল্লেখ্য, কোন প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ৩ বছর সময়ের পূর্বে ন্যূনতম লক্ষ্যমাত্রা (ঋণগ্রহীতার সংখ্যা ১০০০ ও ঋণস্থিতি ১ কোটি টাকা) অর্জনের মাধ্যমেও সনদ লাভের সুযোগ থাকবে।

৭। আগামী ৩১ মার্চ, ২০২১ তারিখ পর্যন্ত আবেদন দাখিল করা যাবে।

৮। অথরিটি বিজ্ঞপ্তির যে কোন শর্ত সংশোধন বা বাতিল করতে পারবে।

এক্সিকিউটিভ ভাইস-চেয়ারম্যান

